

## বোধপরীক্ষণ

নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :-

১। আমাদের দেশে কবে সেই ছেলে কবে ?  
কথায় না বড়ো হয়ে কাজে বড়ো হবে ;  
মুখে হাসি, বুকো বল, তেজে ভরা মন,  
'মানুষ' হইতে হবে -- এই তার পণ ।

বিপদ আসিলে কাছে, হও আগুয়ান,  
নাই কি শরীরে তব রক্ত, মাংস প্রাণ ?  
হাত, পা সবারই আছে, মিছে কেন ভয়,  
চেতনা রয়েছে যার, সে কি পড়ে রয় ?

ক) 'কথায় না বড়ো হয়ে কাজে বড়ো হবে' -- কথাটি বলতে কবি কী  
বোঝাতে চেয়েছেন ?

খ) কে পড়ে থাকে না ?

গ) 'মানুষ' হইতে হবে -- এই তার পণ' -- এখানে 'মানুষ' কথাটি কী অর্থে  
ব্যবহৃত হয়েছে ?

ঘ) 'মানুষ' শব্দটি দিয়ে একটি বাক্য রচনা করো ।